গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৭১.১৯-

তারিখঃ /১২/২০২১ খ্রিঃ

বিভাগীয় মামলা নং- ০৪৬/২০২১

**অভিযোগনামা**

যেহেতু, জনাব মোঃ আরিফ আহমেদ, পিতাঃ কবির আহমেদ, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মূল কর্মস্থল দিনাজপুর নার্সিং কলেজ, দিনাজপুর, সংযুক্তিতে লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাট (সাবেক কর্মস্থল নার্সিং ইনস্টিটিউট মুন্সিগঞ্জ) এর বিরুদ্ধে নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জ কর্মরত থাকাকালীন ৪৯ দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং গত ০৩/০২/২০২১ খ্রিঃ তারিখ হতে বর্তমান কর্মস্থল লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাটে অনুপস্থিত আছেন।

২। যেহেতু, আপনার বিরুদ্ধে অভিযোগ তদন্ত করার নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক গত ২৫/১১/২০২০ খ্রিঃ তারিখে তদন্ত কমিটি গঠন করা হয় এবং তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মতে উক্ত অভিযোগ সত্য;

৩। যেহেতু, আপনি বর্তমানে সংযুক্তিতে লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাটে গত ০৩/০২/২০২১ খ্রিঃ তারিখ হতে অনুপস্থিত থাকার কারণে স্থানীয় কর্তৃপক্ষ কৈফিয়ত তলব করেন কিন্তু আপনি কৈফিয়ত তলবের জবাব দাখিল করেননি;

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী ''পলায়ন " এর আওতাভুক্ত অপরাধ;

৫। সেহেতু, আপনি মোঃ আরিফ আহমেদ, পিতাঃ কবির আহমেদ, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, বর্তমান কর্মস্থল লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাট (সাবেক কর্মস্থল- নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জে) কে ''পলায়ন" এর দায়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) মোতাবেক অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে লিখিত জবাব ০৩ (তিন) সেট নিম্ন স্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করিতে ইচ্ছুক কিনা, তা জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে, সে অভিযোগ বিবরণীর ০১(এক) কপি অত্রসাথ সংযুক্ত করা হলো।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

প্রাপকঃ
মোঃ আরিফ আহমেদ
পিতাঃ কবির আহমেদ
অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক
লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাট ।
২। স্থায়ী ঠিকানাঃ
মোঃ আরিফ আহমেদ
পিতাঃ কবির আহমেদ
গ্রামঃ ভাকশার, পোষ্টঃ ভোমরকান্তি
উপজেলাঃ চান্দিনা, জেলাঃ কুমিল্লা।

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৭১.১৯-৪৯৭/ ২(৯)

তারিখঃ ৮/১২/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। সিভিল সার্জন, লালমনিরহাট ।
৪। অধ্যক্ষ, লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাট।
৫। অধ্যক্ষ, দিনাজপুর নার্সিং কলেজ, দিনাজপুর।
৬। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জ।
৭। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, লালমনিরহাট ।
৮। উপপরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর । (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৮/১২/২১

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
ফোনঃ ০২- ৪১০৮০৮১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

**অভিযোগ বিবরণী**

মোঃ আরিফ আহমেদ, পিতাঃ কবির আহমেদ, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মূল কর্মস্থল দিনাজপুর নার্সিং কলেজ, দিনাজপুর, সংযুক্তিতে লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাট (সাবেক কর্মস্থল- নার্সিং ইনস্টিটিউট মুন্সিগঞ্জ) এর বিরুদ্ধে নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জে কর্মরত থাকাকালীন সময়ে ৪৯ দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং গত ০৩/০২/২০২১ খ্রিঃ তারিখ হতে বর্তমান কর্মস্থল লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাটে অনুপস্থিত আছেন। তার এহেন কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী ''পলায়ন " এর আওতাভুক্ত অপরাধ।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd